

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date : 02-09-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**CM Secretariat :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন রাজ্যের যে সকল উন্নয়নমূলক কাজ বর্তমানে চলছে তা গুণগত মান বজায় রেখে আগামী ২০২৭ সালের মার্চ মাসের মধ্যে শেষ করার লক্ষ্য নিয়ে কাজ করতে হবে। তিনি বলেন সময়ের কাজ সময়ে শেষ হলে রাজ্যের অর্থনৈতিক ব্যবস্থা যেমন সচল থাকবে তেমনি পরবর্তীতে নতুন প্রকল্প রূপায়ণের কাজও সহজতর হবে। গতকাল সচিবালয়ে আয়োজিত এক সভায় একথা বলেন তিনি। সভায় মুখ্যমন্ত্রী আগরতলায় প্রস্তাবিত নতুন ফ্লাইওভার নির্মাণ, শহরের বিভিন্ন রাস্তা সংস্কার এবং ড্রেন নির্মাণ, ইউনিটি মল নির্মাণ, এজিএমসি এবং জিবিপি হাসপাতালে ২০০ শয়া বিশিষ্ট মা ও শিশু পরিচর্যা কেন্দ্র স্থাপন, ডেন্টাল কলেজের পরিকাঠামো নির্মাণের বর্তমান অবস্থা বিষয়ে অবগত হন। সভায় বিভিন্ন দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল কণ্টকের মাইসুরুতে অল ইন্ডিয়া ইনসিটিউট অফ স্পিচ অ্যান্ড হিয়ারিং, AIISH এর হীরক জয়ন্তী উদয়াপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, অন্যান্য সমস্যার মতো, বাকশক্তি ও শ্রবণশক্তি সম্পর্কিত সমস্যাগুলির জন্যও বিশেষজ্ঞদের প্রাথমিক পর্যায়ে লক্ষণগুলি সনাত্ত এবং নির্ণয়ের প্রয়োজন।

# # # # Byte-President # # # #

রাষ্ট্রপতি বলেন, 'সুগম্য ভারত অভিযান'-এর আওতায়, প্রতিবন্ধী ব্যক্তিদের অগ্রগতি ও উন্নয়নের জন্য সমান সুযোগ প্রদানের প্রচেষ্টা চালানো হচ্ছে।

AIISH-এ রাষ্ট্রপতি চিকিৎসাধীন দিব্যাঙ্গ শিশুদের সঙ্গে এবং চিকিৎসা গ্রহণের পর বিভিন্ন ক্ষেত্রে সফল দিব্যাঙ্গ ব্যক্তিদের সঙ্গে মতবিনিময় করেন।

\* \* \* \* \*

### Semicon India-2025 :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীর যশোভূমিতে সেমিকন ইন্ডিয়া ২০২৫ এর উদ্বোধন করবেন। তিনিনের এই সম্মেলনে দেশে শক্তিশালী, সুসংহত এবং স্থিতিশীল সেমিকন্ডাক্টর পরিমন্ডল গড়ে তোলার নানা দিক নিয়ে আলোচনা হবে। ভারতের সেমিকন ইন্ডিয়া কর্মসূচী, উন্নত উৎপাদন, গবেষণা ও বিকাশে উন্নাবন এবং কৃত্রিম বুদ্ধিমত্তা, বিনিয়োগের সুযোগ, রাজ্যস্তরীয় নীতি প্রণয়ন সহ একাধিক বিষয়ে অধিবেশনের আয়োজন করা হয়েছে। প্রধানমন্ত্রী এই সম্মেলনে মুখ্য কার্য নির্বাহী আধিকারিকদের গোল টেবিল বৈঠকে যোগ দেবেন।

\* \* \* \* \*

### Package Story-Nutrition :

জনগণের মধ্যে পুষ্টি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতি বছর ১থেকে ৭সেপ্টেম্বর পালিত হয় জাতীয় পুষ্টি সপ্তাহ। এবারে এনিয়ে একটি প্রতিবেদন।

# ##### VC #####

\* \* \* \* \*

### CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যের ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থাকে শক্তিশালী করার ক্ষেত্রে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করছে। ২০১৮ সালে দেশের প্রথম রাজ্য হিসেবে ত্রিপুরায় ত্রিস্তরীয় পঞ্চায়েত পর্যন্ত ই-অফিস চালু করা হয়েছে। গতকাল অরুণ্ধতীনগরস্থিত স্টেট পঞ্চায়েত রিসোর্স সেন্টারে পঞ্চায়েত রাজ সঞ্চয়তা বৃদ্ধির উপর দুদিনের প্রশিক্ষণ কর্মসূচি সূচনা করে তিনি একথা বলেন।

\*\*\*\*\*

### **Workshop on Child Marriage :**

বাল্যবিবাহ, কিশোরী গর্ভধারণ প্রতিরোধ এবং নেশা বিরোধী কর্মসূচির উপর একদিনের কর্মশালা জম্পুইজলা মহকুমা শাসক কার্যালয়ে অনুষ্ঠিত হয়। মিশন সংকল্প অভিযানে আয়োজিত এই কর্মশালায় জম্পুইজলা মহকুমার মহকুমা শাসক চিরঞ্জীব আনন জানান, বাল্যবিবাহ প্রতিরোধের জন্য জম্পুইজলা মহকুমা শাসক কার্যালয়ে একটি হেল্পলাইন নম্বর ঢালু করা হয়েছে। নম্বরটি হল-৭০০৫১৬১০৪৬। এই নম্বরে যেকোন ব্যক্তি বাল্যবিবাহ সংক্রান্ত বিষয়ে যেকোন সময় জানতে পারবেন।

\*\*\*\*\*

### **ICA Workshop :**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের পশ্চিম জেলা কার্যালয়ের উদ্যোগে আগরতলা গার্লস বোধজং স্কুলের ছাত্রীদের নিয়ে ৭ দিনব্যাপী কর্মশালা গতকাল শেষ হয়েছে। স্কুলের ৬০ জন ছাত্রী এই কর্মশালায় অংশ গ্রহণ করেছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক রতন দেববর্মা এই প্রশিক্ষণের জন্য তথ্য ও সংস্কৃতি দপ্তরকে ধন্যবাদ জানিয়েছেন।

\*\*\*\*\*

### **First Division :**

টিএফএ পরিচালিত চন্দ্রসূতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় নাইন বুলেটস ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত নিয়মরক্ষার খেলায় নাইন বুলেটস ক্লাব ৬-১ গোলে জুয়েলস এসোসিয়েশনকে প্রারজিত করে।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস।

\* \* \* \* \*